

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১৯.০০১.১৭-১৮৬০

তারিখ: ০৬ পৌষ ১৪৩০
২১ ডিসেম্বর ২০২৩

পরিপত্র


বিষয়: পৌরসভার শূন্য পদে এলজিইডি'র প্রকৌশলী সংযুক্তিতে পদায়ন।

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, জেলা সদরে অবস্থিত 'ক' শ্রেণির পৌরসভায় নির্বাহী প্রকৌশলীর পদ শূন্য থাকলে, উক্ত পৌরসভার চাহিদা ও বিশেষ প্রয়োজন বিবেচনায় প্রকল্প বাস্তবায়নকালীন সংশ্লিষ্ট জেলার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয়ে কর্মরত সিনিয়র সহকারী প্রকৌশলী (৬ষ্ঠ গ্রেডভুক্ত) সংযুক্তিতে পদায়িত হবেন।

২। যে সকল জেলায় আঞ্চলিক কার্যালয় নেই, সে সকল জেলা সদরে অবস্থিত 'ক' শ্রেণির পৌরসভার জন্য সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত একজন সহকারী প্রকৌশলী (সিভিল) সংযুক্তিতে পদায়িত হবেন।

৩। উপজেলা পর্যায়ের পৌরসভাসমূহে সহকারী প্রকৌশলী (সিভিল) পদ শূন্য থাকলে, পৌরসভার চাহিদা ও বিশেষ প্রয়োজন বিবেচনায় এলজিইডি'র সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে কর্মরত সহকারী প্রকৌশলী (সিভিল) সংযুক্তিতে পদায়িত হবেন।

৪। পৌরসভায় সংযুক্তিতে পদায়িত কর্মকর্তাগণ তাঁদের বেতন-ভাতাদি এলজিইডি'র মূল কর্মস্থল হতে প্রাপ্য হবেন।


২০/১২/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব

☎ +৮৮০২৯৫১৪১৪২

ই-মেইল: lgpaura1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা
৩. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (উন্নয়ন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার (সকল)
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব (উন্নয়ন/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. জেলা প্রশাসক (সকল)
৯. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
১১. মেয়র/প্রশাসক, পৌরসভা (সকল)
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১৩. উপজেলা প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর